"SARS-COV-2 ছড়িয়ে পরা থেকে প্রতিরোধ এবং নিবারনের প্রয়োজনীয় পদক্ষেপগুলো "

Art.2- দায়িত্বশীল বিষয় ও তথ্যবলী

4. পরিবারগুলোকে দায়িত্বশীলতার সাথে নবায়নযোগ্য শিক্ষামূলক চুক্তির বিষয়বস্তু গুলোকে স্বাক্ষর ও সম্মানের সাথে গ্রহন করতে হবেঃ

সংক্রমনের সম্ভবনার ক্ষেত্রে উপস্থিতির প্রাথমিক পর্যায় কে সনাক্ত করার এবং শিক্ষার্থীদের প্রতি দায়িত্ববোধের বিকাশের অবদান রাখতে, নিয়মিত শিশুদের স্বাস্থ্যের অবস্থা পরিক্ষা করতে হবে।

Art.4- সাধারণ নিয়মাবলী

1. শিক্ষার্থীদের স্কুলে উপস্থিতির পূর্বশর্ত হলঃ

a)শ্বাসকষ্ট বা শারীরিক তাপমাত্রা 37.5 ডিগ্রি সেলসিয়াস বেশি না হয় গত তিন দিনের মধ্যে;

b)গত ১৪ দিনের মধ্যে পৃথক ( কোয়ারানটেনা) বা বিচ্ছিন্ন (ইজলামেনতো) ভাবে থাকতে হবে না;

c) যদি গত ১৪ দিনের মধ্যে কোন ইতিবাচক (পজেটিভ) লোকের সংস্পর্শে না এসে থাকেন।

Art.5- স্কুলে প্রবেশের সাধারণ পদ্ধতি

1. যদি কারো শারীরিক তাপমাত্রা 37.5 এর বেশি হয় বা অন্যকোন সর্দিকাশির লক্ষনগুলো থাকে যে গুলো covid-19 এর জন্য দায়ী, তাহলে স্কুল ভবনে প্রবেশ নিষিদ্ধ।

সেক্ষেত্রে অবশ্যই বাড়িতে থাকতে হবে এবং শিশুবিশেষজ্ঞ, চিকিৎসা পরিসেবা(গোয়ারদিয়া মেডিকা) বা আঞ্চলিক টেলিফোন মাধ্যম টলফ্রি নাম্বারের (নোমেরো ভেরদে) সাথে অবশ্যই যোগাযোগ করতে হবে।

2. স্কুলে প্রবেশের জন্য নির্ধারিত মুখোশ (মাস্কেরিনা কিরুর্জিকা) ব্যবহার করতে হবে।

3. শেষের ১৪ দিনের মধ্যে যদি Sars-Cov-2 পজিটিভ বা ঝুকিপূর্ণ এলাকার কোন লোকের সংস্পর্শে এসেছে, তাহলে স্কুলে প্রবেশ নিষিদ্ধ।

4. ইতিমধ্যে Sars-Cov-2 পজিটিভ শিক্ষার্থীদের স্কুলে প্রবেশের ক্ষেত্রে স্কুলের ঠিকানায় প্রধান শিক্ষকের নিকট একটি খামের মধ্যে,আঞ্চলিক বিভাগ কতৃক জারি করা মেডিকেল সনদপত্র (সার্টিফিকেট),যা প্রমান করে সার্টিফিকেটটি বর্তমান আইন দ্বারা প্রতিষ্ঠিত, আইন অনুসারে নেতিবাচক (নেগাটিভ)।

প্রাপ্ত নথিপত্র(ডকুমেন্ট) গুলো আইনের সাথে সম্মতিক্রমে গোপনীয়তা রক্ষা করে হবে।

৪. ইহা শিক্ষার্থীদের পরিবারের জন্য বাধ্যতামূলক,

· স্কুলের অফিসে ইমেইল বা টেলেফোনের মাধ্যমে স্কুলে প্রবেশের ক্ষেত্রে আগাম যোগাযোগ করুণ, যাতে অপ্রয়োজনীয় বিষয়গুলো এড়ানো যায়।

· যথাসম্ভব ব্যবহার করুণ দূরবর্তী যোগাযোগ মাধ্যম (টেলিফোন, ইমেইল, PEC, ইত্যাদি)।

· বাচ্চাদের Sars-Cov-2 পজিটিভ নিরীক্ষণ করা রিপোর্ট, প্রধান শিক্ষক বা শিক্ষা অফিসের নিকট প্রদান করতে হবে, যা স্থানীয় প্রতিরোধ বিভাগের দ্বারা পরিচালিত ও সম্ভাব্য অন্যান্য ক্ষেত্র সনাক্ত করা।

Art.6- স্কুল,শিক্ষার্থী এবং পরিবারের ভুমিকাঃ

2. স্কুলে ইনফ্রারেড থার্মোমিটার রয়েছে এবং যে কোনও সময়ে সন্দেহজনক পরিস্থিতিতে ও পরিকল্পিতভাবে শারীরিক তাপমাত্রা পরিমাপ করতে ব্যবহার করা হয়।

5. ২০২০/২০২১ পুরো শিক্ষাবছরে শিক্ষকদের সাথে অভিভাবকদের পৃথক ও সম্মিলিত সভা(মিটিং) স্থগিত করা হয়েছে।বিশেষ করে প্রধান শিক্ষক বা সংশ্লিষ্ট শিক্ষকের অনুরোধে জরুরী ও গুরুতর বিষয় ছাড়া।

অনলাইন রেজিস্টারের মাধ্যমে অভিভাবকদের অনুরোধে, শিক্ষক এবং অভিভাবকদের মধ্যে তথ্য সভা এবং ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হবে।

6. পরিবারের সদস্যদের স্কুল চলাকালীন সময়ে, শিক্ষার্থীদের কাছে খাবার, স্কুল সামগ্রী ও অন্য কিছু পৌঁছে দেওয়ার অনুমতি নেই।

স্কুল ভবনে প্রবেশের ব্যাপারে অবশ্যই স্কুলকর্মীদের অনুরোধে বা স্কুল অফিসে টেলিফোন বা ইমেইল এ যোগাযোগ করার মাধ্যমে নির্ধারিত হবে;

Art.7- শিক্ষামূলক কার্যক্রম চলাকালীন সময়ে স্কুল ভবনকে বিভিন্ন ভাগে ভাগ করা হয়।

1. স্কুল ভবনে প্রবেশ ও বাহির হওয়ার বিভিন্ন পথ রয়েছে, যা যথাযথভাবে আড়াআড়ি ও লম্বালম্বি,যার মাধ্যমে নিজ নিজ শ্রেণী কক্ষের শিক্ষার্থীদের স্কুল শুরুতে এবং শেষে প্রবেশ ও বাহির হতে সহজ হয়।

4. বিরতির সময় শিক্ষার্থীদের নিজ শ্রেণী কক্ষের নিজ স্থানে মুখোশ পরে বসে থাকতে হবে।

অথবা শারীরিক দূরত্ব বজায় রেখে শিক্ষকদের তত্ত্বাবধানে যতক্ষন সম্ভব স্কুলের বারান্দ/ হল/ নির্দিষ্ট কিছু স্থানে থাকতে পারবে। থাওয়া বা পান করার জন্য প্রয়োজনীয় সময়ে মুখোশ খোলার অনুমতি রয়েছে।

Art.8- শিক্ষার্থীদের প্রবেশ ও ছুটির সময়ের কার্যক্রম গুলো

1.কিন্ডারগার্টেন(আজিলো), প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীদের অভিভাবকেরা ভিড় এড়াতে এবং সারিবদ্ধভাবে শারীরিক দূরত্ব বজায় রেখে সম্মতিক্রমে প্রবেশ ও বাহির হতে সহায়তা করবে।

লক্ষ্য রাখতে হবে বাচ্চাদের স্কুলে প্রবেশের সময় এবং ছুটির সময় মুখোশ (মাস্কেরিন) ঠিকমত পরেছে এবং উপস্থিতদের মধ্যে দূরত্ব বজায় রেখেছে।

বিশেষ করে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিভাবকদের দায়িত্ব, স্কুলের শিক্ষকদের দ্বারা পরিচালিত প্রতিরক্ষামূলক এবং দূরত্ব বজায় রাখার নিয়মগুলো মানতে সংবেদনশীল করা।

অভিভাবকদের লক্ষ্য রাখতে হবে, গনপরিবহনের যাতায়াতের সময়কে তুলনামূলকভাবে হ্রাস করতে, যাতে স্কুল প্রাঙ্গণে বেশি সময় অপেক্ষা করতে না হয় এবং ভিড় এড়ানো যায়।

2. অভিভাবকদের অবশ্যই স্কুল ভবনে প্রবেশের নির্ধারিত সময়ে,নির্ধারিত শ্রেণী কক্ষে, শারীরিক দূরত্ব বজায় রেখে দ্রুত এবং সুশৃঙ্খলভাবে শিক্ষার্থীদের পৌঁছে দিতে হবে। স্কুল ভবনের বাহিরে বেশিক্ষণ থাকার অনুমতি নেই। যদি কোন শিক্ষার্থীরা দেরী করে আসে বা প্রবেশের সময় পরিবর্তন করে, তাহলে তাদের প্রধান প্রবেশদ্বার দিয়ে প্রবেশ করতে হবে এবং সরাসরি শ্রেণী কক্ষে যেতে হবে।

3. শিক্ষার্থীদের যখন শ্রেণী কক্ষে পৌঁছে দেয়া হবে, তখন তাদের মুখোশটি না খুলে,সরাসরি ব্যাঞ্চে যেয়ে বসতে হবে। প্রবেশ এবং ছুটি পরিচালনার সময় বারান্দা এবং শ্রেণী কক্ষের বাহিরে বা অন্যান্য কোনো স্থানে দাঁড়ানো নিষেধ। শ্রেণী কক্ষে পৌঁছে গেলে আসন ছেড়ে উঠা যাবে না।

Art.9- প্রতিবাদমূলক কার্যকলাপ পরিচালনার বিষয়ে প্রতিরোধ ব্যবস্থা

1.প্রতিবাদমূলক ক্রিয়াকলাপ পরিচালনার সময়, ছাত্র- ছাত্রীদের শ্রেণীকক্ষ, পরীক্ষাগার ও অন্যান্য জায়গায় কমপক্ষে ১ মিটার এবং শারীরিক পরিচর্যাকেন্দ্রে (জিম) ২ মিটারের মধ্যে শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে। ছাত্র-ছাত্রীদের ও শিক্ষকদের মধ্যে কমপক্ষে ২ মিটার দূরত্ব বজায় রাক্ষতে হবে।

4. শ্রেণীকক্ষে এবং পরীক্ষাগারের ক্রিয়াকলাপ চলাকালীন সময়, শিক্ষকদের উপস্থিতিতে কমপক্ষে ১ মিটার শারীরিক দূরত্ব বজায় রাখতে পারে এবং তাদের জায়গায় থাকা অবস্থায় মুখোশটি সরিয়ে ফেলতে পারে। তারা শারীরিক পরিচর্যাকেন্দ্রে(জিম) ক্রিয়াকলাপের সময় মুখোশ সরিয়ে ফেলতে পারে, যা কেবল শিক্ষকদের উপস্থিতিতে চালানো যাবে।

Art.10 – টয়লেট ব্যবহারের নিয়মাবলী

1. টয়লেটে অবশ্যই মুখোশ পরে সুশৃঙ্খল এবং দূরত্ব বজায় রেখে সারিবদ্ধভাবে যেতে হবে। টয়লেটে যাওয়ার আগে অবশ্যই সাবান ও পানি দিয়ে হাত ধুতে হবে।

2. টয়লেটে ব্যবহার করার পরে অবশ্যই টয়লেট পরিস্কার ও পরিছন্ন রাখতে হবে।প্রবেশের আগে জীবাণুমুক্তকারী (স্যানিটাইজিং) জেল দিয়ে হাতিগুলোকে জীবাণুমুক্ত করে, সাবান ও পানি দিয়ে আবার হাত ধুতে হবে।

Art.12- ব্যক্তিগত স্বাস্থ্যবিধি সতর্কতা

2. টয়লেটে হাত ধোয়ার জন্য সাবান সরবরাহকারী গুলো যথাযথ ভাবে রাখা আছে, এছাড়াও জীবাণুমুক্তকারী(স্যানিটাইজিং) জেল সরবরাহীকারী প্রতিটি শ্রেণী কক্ষের প্রবেশদ্বারে প্রধান প্রধান কক্ষে এবং প্রবেশ ও বাহির হওয়ার পথের নিকটে রয়েছে।

3.শিক্ষার্থীদের জীবাণুমুক্ত করা ছোট বোতল এবং টিস্যু নিজস্ব ভাবে ব্যবহার করার জন্য আনতে হবে।

4. শিক্ষার্থীদের স্কুল চলাকালীন সময়ে শিক্ষার উপাদান (বই,কলম,পেন্সিল, অংকন সরঞ্জাম) বা অন্যান্য ব্যাক্তিগত জিনিস(খেলনা,অর্থ, বৈদ্যুতিক যন্ত্র ,পোশাকের জিনিসপত্র) বিনিময় করার অনুমতি নাই।

Art.14- স্কুল প্রতিষ্ঠানের মধ্যে লক্ষণীয় ব্যক্তিদের পরিচালনা

1.স্কুলে যদি কোনও শিক্ষার্থীর জ্বর বা অন্যান্য উপসর্গ দেখা দেয়, যা Covid-19 এর লক্ষণগুলো বিদ্যমান রয়েছে, তাকে অবিলম্বে জরুরী অবস্থার জন্য চিহ্নিত জায়গায় সাথে সাথে সরিয়ে নেয়া হবে।

২.স্কুল কর্তৃপক্ষ কল করবেন অভিভাবকদের বা যিনি অভিভাবক দ্বারা নিযুক্ত ও যার তথ্যাবলী স্কুল কতৃপক্ষকে দেয়া আছে, তারা কেউ একজন স্কুলে যাবেন(অভিভাবকদের স্কুলের সংবাদ পাওয়ার সাথে সাথে যোগাযোগ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ)।

এছাড়াও, স্কুল কর্তৃপক্ষ বিভাগীয় বা আঞ্চলিক স্বাস্থ্য আধিদপ্তর বা স্বাস্থ্য মন্ত্রণালয় দ্বারা পরিচালিত Covid-19 এর জন্য জরুরী নম্বর গুলোতে জানাবে।

15. রোগপ্রতিরোধ ক্ষমতা কম বা বিশেষ রোগাক্রান্ত শিক্ষার্থীদের পরিচালনা

4.রোগপ্রতিরোধ ক্ষমতা কম বা বিশেষ রোগাক্রান্ত শিক্ষার্থীদের দ্বারা তাদের বোঝানো হয়েছে, যাদের Covid-19 সংক্রমণের সম্ভব্যতর ঝুঁকি রয়েছে। শিক্ষার্থীদের নির্দিষ্ট পরিস্থিতির বিশেষ রোগাক্রান্তের স্থানীয় প্রতিরোধ বিভাগ দ্বারা শিশু বিশেষজ্ঞ/পারিবারিক চিকিৎসক কর্তৃক সনাক্তকরণের মূল্যায়ন করা হবে, পরিবারকে বাধ্যতামূলকভাবে শর্তগুলো স্কুল কর্তৃপক্ষের নিকট লিখিত ও তথ্যানুসারে জমা দিতে হবে।